

নং-২৬.০০.০০০০.০১০.১১.০১১.১৭/৬

তারিখঃ ৩১.০১.২০১৮ খ্রিঃ

### নিয়োগ বিজ্ঞপ্তি

বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নধীন “Export Competitiveness for Jobs” প্রজেক্টের জন্য নিম্নবর্ণিত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (প্রকল্প মেয়াদ কালের জন্য, প্রকল্প মেয়াদ জুন, ২০২৩ পর্যন্ত) নিয়োগের নিমিত্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফর্মে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	পদের নাম, বেতন স্কেল ও গ্রেড	পদের সংখ্যা	যোগ্যতা
১.	হিসাবরক্ষক বেতন স্কেলঃ ১১০০০-২৬৫৯০/- গ্রেড-১৩	এক (০১)	(১) কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে একাউন্টিং/ ফাইন্যান্স মেজরসহ বিবিএ অথবা বাণিজ্য বিভাগের সমপর্যায়ের কমপক্ষে দ্বিতীয় বিভাগ/সমমানের সিজিপিএ প্রাপ্ত স্নাতক ডিগ্রী। (২) সরকারি প্রতিষ্ঠান, ব্যাংক বা বিদেশী অনুদানে পরিচালিত প্রকল্পে হিসাবরক্ষক হিসেবে ন্যূনতম তিন (০৩) বছরের চাকুরির অভিজ্ঞতা।

### শর্তাবলীঃ

- আবেদনকারীকে অবশ্যই এক্সপোর্ট কম্পেটেনেস ফর জবস প্রকল্প কর্তৃক চাকুরীর আবেদন ফর্মে যাচিত তথ্যাদি পূরণপূর্বক আবেদন করতে হবে; অন্যথায় প্রার্থীর আবেদন বাতিল বলে গণ্য হবে। উক্ত আবেদন-ফর্ম বিজনেস প্রমোশন কাউন্সিল (বিপিসি), বাণিজ্য মন্ত্রণালয়, বনশিল্প ভবন (৯ম তলা), ৭৩ মতিঝিল বা/এ, ঢাকা কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে অথবা বাণিজ্য মন্ত্রণালয়ের নিজস্ব ওয়েবসাইট ([www.mincom.gov.bd](http://www.mincom.gov.bd)) থেকে ডাউনলোড করা যাবে। উক্ত প্রকল্পের প্রফরমানুযায়ী হিসাবরক্ষকের দায়িত্বাবলী আবেদনপত্রের সাথে সংগ্রহ করা যাবে;
- সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে স্ব স্ব নিয়োগ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে;
- নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধিবিধান প্রতিপালিত হবে;
- প্রকল্পের মেয়াদ শেষে পদটি স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হয়ে যাবে;
- প্রার্থীদের বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য নয়;
- খামের উপর অবশ্যই আবেদনকৃত পদ ও প্রার্থীর নিজ জেলার নাম উল্লেখ করতে হবে;
- আবেদনপত্রের সাথে কোনরূপ কাগজপত্র/দলিলাদি/সার্টিফিকেট ইত্যাদি দাখিল করার প্রয়োজন নাই। পরবর্তীতে মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও সকল সনদপত্রের একটি প্রত্যাখিত অনুলিপিসহ রেকর্ডপত্র উপস্থাপন করতে হবে;
- আগ্রহী প্রার্থীগণকে আগামী ০১/০৩/২০১৮ তারিখের মধ্যে “প্রকল্প পরিচালক, এক্সপোর্ট কম্পেটেনেস ফর জবস প্রকল্প” এর অনুকূলে ৩০০/- (টাকা তিনশত মাত্র) টাকা মূল্যমানের অফেরতযোগ্য MICR ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), এক্সপোর্ট কম্পেটেনেস ফর জবস প্রকল্প, রুম নং: ১২৩, ভবন নং: ০৩, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ বরাবর আবেদনপত্র পৌছাতে হবে;
- প্রয়োজনীয় অভিজ্ঞতা না থাকলে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই আবেদনপত্র বাতিল করা হবে;
- প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে;
- লিখিত ও মৌখিক পরীক্ষাসমূহের জন্য কোন প্রার্থীকে কোন ভ্রমণ/দৈনিক ভাতা প্রদান করা হবে না;
- অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত আবেদন কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে;
- এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যেকোন সংশোধন, সংযোজন (যদি থাকে) বাণিজ্য মন্ত্রণালয়ের নিজস্ব ওয়েবসাইটে ([www.mincom.gov.bd](http://www.mincom.gov.bd)) এ পাওয়া যাবে;
- যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্বলগজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকার বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্ত বরখাস্তের দুই বছর অতিক্রান্ত না হয়ে থাকে তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না;
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল আবেদনপত্র গ্রহণ বা বাতিল এবং এ নিয়োগ প্রক্রিয়ার আংশিক বা সম্পূর্ণ পরিবর্তন/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

মোঃ ওবায়দুল আজম

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

এক্সপোর্ট কম্পেটেনেস ফর জবস প্রকল্প

E-mail: obaidulazam@gmail.com